

যায়যায়দিন

তারিখ ... JUN 23 2006 ...

পৃষ্ঠা ... কলাম ...

দাখিলে পাসের হ ৭৫ দশমিক ৮১

যাযাদি রিপোর্ট

মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে এবারের দাখিল পরীক্ষায় পাসের হার ৭৫ দশমিক ৮১ শতাংশ। গতকাল বৃহস্পতিবার মাদ্রাসা বোর্ডের ২০০৬ সালের দাখিল পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। গতবারের চেয়ে এবার পাসের হার বেড়েছে ১৩ দশমিক ৭৬ ভাগ। জিপি-৫ পেয়েছে ৬ হাজার ৮৬ জন। দাখিল পরীক্ষায় চারটি বিভাগে মোট পরীক্ষার্থী ছিল ১ লাখ ৬৩ হাজার ৯৯৭ জন। পরীক্ষায় অংশ নেয় ১ লাখ ৬১ হাজার ৯৯৯ জন। এর মধ্যে ৯৩ হাজার ৩৪২ জন ছাত্র এবং ৬৮ হাজার ৬৫৭ জন ছাত্রী। পাস করেছে মোট ১ লাখ ২২ হাজার ৮০৮ জন। এর মধ্যে ৭৩ হাজার ১২৯

দাখিলে পাসের হা

(প্রথম পৃষ্ঠার পর)

জন ছাত্র এবং ৪৯ হাজার ৬৭৯ জন ছাত্রী। ছাত্রদের মধ্যে পাসের হার ৭৮ দশমিক ৬৬ ভাগ এবং ছাত্রীদের মধ্যে পাসের হার ৭৩ দশমিক ৩৬ ভাগ। ৪ হাজার ৯০২ জন জিপিএ-৫ পেয়েছে। ছাত্রীদের মধ্যে জিপিএ-৫ পেয়েছে ১ হাজার ১৮৪ জন। জিপিএ-৪ পেয়েছে ২৯ হাজার ৭৬৪ জন। জিপিএ-৩.৫ পেয়েছে ২৪ হাজার ২৯৩ জন।

চারটি বিভাগের মধ্যে সাধারণ বিভাগে ৬৩, বিজ্ঞান বিভাগে ৮৫ দশমিক ৮০, মুজাব্বিদ বিভাগে ৭০ দশমিক ৭২ এবং হিফজুল কোরআন বিভাগে ৬৬ দশমিক ৮১ শতাংশ পরীক্ষার্থী পাস করেছে।